The Bangladesh Monitor - A Premier Travel Publication

আমিরাতে বন্যা বাংলাদেশ থেকে ৯ ফ্লাইট বাতিল

- A Monitor Desk Report Date: 18 April, 2024

ঢাকা: রেকর্ড পরিমাণ বৃষ্টিতে বড় ধরনের বন্যার কবলে পড়েছে মরুর দেশ সংযুক্ত আরব আমিরাত। ডুবে যায় বিশ্বের দ্বিতীয় ব্যস্ততম দুবাই আন্তর্জাতিক বিমানবন্দরের রানওয়ে। এর মধ্যে বৃষ্টিপাত অব্যাহত থাকার আভাস দিয়েছে দেশটির আবহাওয়া বিভাগ।

এদিকে দুবাই বিমানবন্দরের সূচিতে বিপর্যয়ের প্রভাব পড়ে বিশ্বের অন্যান্য দেশের উড়োজাহাজ চলাচলেও। গতকাল (১৭ এপ্রিল) পর্যন্ত ঢাকা-দুবাই ও ঢাকা-শারজাহ রুটের ৯ ফ্লাইট বাতিল হয়। দুবাইয়ের সঙ্গে ১৫টি ফ্লাইট বাতিল করে ভারতের উড়োজাহাজ চলাচল কর্তৃপক্ষ। সব মিলিয়ে সংযুক্ত আরব আমিরাতের সঙ্গে বিভিন্ন দেশের কয়েক ডজন ফ্লাইট বাতিল হয়।

সংযুক্ত আরব আমিরাতের পাশাপাশি বাহরাইন, ওমান, কাতার ও সৌদি আরবেও কয়েক দিন ধরে ভারি বর্ষণ হচ্ছে। এর মধ্যে সবচেয়ে বেশি বৃষ্টিপাত হচ্ছে সংযুক্ত আরব আমিরাত ও ওমানে।

১৯৪৯ সাল থেকে বৃষ্টিপাতের পরিমাণ রেকর্ড করে আরব আমিরাত। কিন্তু মরুভূমির দেশটি এবারের মতো বৃষ্টিপাত গত ৭৫ বছরে দেখেনি। আরব আমিরাতে বছরে গড় বৃষ্টিপাত হয় ১৪০ থেকে ২০০ মিলিমিটার। সেখানে দেশটির আল আইন শহরের খাতম আল শাকলা এলাকায় ২৪ ঘণ্টারও কম সময়ে বৃষ্টিপাত রেকর্ড করা হয় ২৫৪ মিলিমিটার। দুবাই আন্তর্জাতিক বিমানবন্দরে বছরে গড় বৃষ্টিপাত ৯৪ দশমিক ৭ মিলিমিটার। কিন্তু সোমবার রাত থেকে ২৪ ঘণ্টায় বৃষ্টিপাত হয়েছে ১৪২ মিলিমিটার।

ভারি বৃষ্টিপাতের কারণে দুবাই আন্তর্জাতিক বিমানবন্দরের কার্যক্রম একরকম অচল হয়ে পড়ে। বিমানবন্দরের এক মুখপাত্র বলেন, ‘রানওয়েতে পানি জমে যাওয়ায় উড়োজাহাজের সূচিতে বিপর্যয় দেখা দেয়।’

দুবাইয়ের সবচেয়ে বড় এয়ারলাইনস এমিরেটস জানিয়েছে, প্রতিকূল আবহাওয়ার কারণে তাদের সব ফ্লাইটে যাত্রীদের চেক-ইন বন্ধ রাখা হয়েছে। কায়রো-দুবাই রুটে গতকালের সব ফ্লাইট স্থগিত রাখে মিসরের রাষ্ট্রায়ত্ত এয়ারলাইনস ‘ইজিপ্টএয়ার’। প্রতিষ্ঠানটি জানিয়েছে, আবহাওয়া পরিস্থিতির উন্নতি না হওয়া পর্যন্ত তাদের সব ফ্লাইট স্থগিত থাকবে। প্রতিকূল আবহাওয়ার কারণে গতকালের দুবাই-কলম্বো ফ্লাইট

বাতিল করে শ্রীলংকান এয়ারলাইনস।

আরব আমিরাতের ভারি বর্ষণের প্রভাব পড়েছে ঢাকা-দুবাই ও ঢাকা-শারজাহ রুটের বিমান চলাচলেও। গতকাল পর্যন্ত এসব রুটের নয়টি ফ্লাইট বাতিল করেছে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর কর্তৃপক্ষ। বিমানবন্দরের নির্বাহী পরিচালক কামরুল ইসলাম জানান, বৈরী আবহাওয়ার কারণে এয়ার অ্যারাবিয়া এয়ারলাইনসের পাঁচটি, এমিরেটস এয়ারলাইনসের দুই ও ফ্লাই দুবাইয়ের দুটি ফ্লাইট বাতিল করা হয়েছে।

ভারি বর্ষণের সঙ্গে বজ্রপাত ও ঝড়ো বাতাসও বয়ে যায় আরব আমিরাতে। কোনো কোনো বিশেষজ্ঞ মনে করেন, ঝড়ের গতিপথের কারণে এত বৃষ্টিপাত হয়েছে। তবে কৃত্রিমভাবে বৃষ্টি নামানোর পদ্ধতি ‘ক্লাউড সিডিং’কে দায়ী করেছেন কেউ কেউ।

-B